

নং- ০৫.৪১.৯৩৯৫.০০০.৪৪.০২২.২৩- ৪৬১

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০
০৯ এপ্রিল ২০২৪

ফৌজদারী কার্যবিধি ১৮৯৮ এর ১৪৪ ধারা মতে প্রদত্ত আদেশ

যেহেতু, টাঙ্গাইল সদর থানাধীন বড় বাসালিয়া সাকিনে মসজিদ ও ঈদগাহ মাঠ নিয়ে গ্রামের দুই সমাজের মধ্যে পবিত্র ঈদ-উল-ফিতর/২০২৪ এর ঈদের জামাতকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা বিরাজ করছে। মোঃ সোনা উল্লাহ হুটু বেপারী (৭৫), পিতাঃ মৃত-ইমান উদ্দিন বেপারীগং এবং অপরপক্ষ মোঃ আঃ মতিন খান (৫২), পিতাঃ মৃত- আঃ কুদুস খানগং দের মধ্যে দীর্ঘদিন যাবৎ মসজিদ ও ঈদগাহ কমিটির আদিপত্যকে কেন্দ্র করে বিরোধ চলে আসছে।

যেহেতু, উক্ত মসজিদ ও ঈদগাহ কমিটির কর্তৃত্ব বজায় রাখার জন্য উভয়পক্ষ প্রায় সময়ই বগড়া বিবাদে লিপ্ত হওয়ার প্রেক্ষিতে একাধিক মামলা মোকদ্দমা চলমান রয়েছে। মসজিদে একক আধিপত্য বিস্তারের জন্য ১২/০৪/২০২৩ খ্রিঃ মধ্য রাতে সানা উল্লাহ হুটু বেপারীগং মসজিদের মিয়া পাড়া নাম ঘষামাজা করে মিয়াপাড়ার স্থলে মধ্যপাড়া লিখেন এবং পিভিসি ব্যানারে বড়বাসালিয়া মধ্যপাড়া নামে টানিয়ে দেয়। এতে বেপারী পাড়ার লোকজন মসজিদের উক্ত নামকরণ মেনে না নেয়ায় তাদের মধ্যে বগড়া বিবাদসহ মারপিটের ঘটনা ঘটে। ২/৩ দিন পূর্বে মিয়াপাড়ার মতিন গং “বড়বাসালিয়া জামে মসজিদ” নামের সাইন বোর্ডটি নামিয়ে “বড় বাসালিয়া মিয়াপাড়া জামে মসজিদ” সাইন বোর্ড লাগানোকে কেন্দ্র করে বেপারীপাড়া লোকজনের মধ্যে ব্যাপক উত্তেজনা বিরাজ করে।

যেহেতু, আসন্ন ঈদ উল ফিতর/২০২৪ এর ঈদের জামাতকে কেন্দ্র করে উভয়পক্ষের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষ, সম্পদ ও জীবন নাশের সম্ভাবনা বিদ্যমান রয়েছে।

সেহেতু, আমি হাসান-বিন-মুহাম্মাদ আলী, উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল ও উক্ত ঈদগাহ মাঠে ঈদের জামাত অনুষ্ঠিত হলে দুই সমাজের লোকজনের মধ্যে উত্তেজনা বিরাজসহ রক্তক্ষয়ী সংঘর্ষ ও জীবন নাশের সম্ভাবনা বিদ্যমান থাকায় উক্ত এলাকার জনসাধারণের জীবনের নিরাপত্তা এবং আইন-শৃংখলা নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে ফৌঃ কাঃ বিঃ ১৮৯৮ এর ১৪৪ ধারার বিধানবলে আগামীকাল ১০ এপ্রিল ২০২৪ খ্রি. সকাল ০৬:০০ ঘটিকা হতে ১২ এপ্রিল ২০২৪ খ্রি. সন্ধ্যা ০৬:০০ ঘটিকা পর্যন্ত উক্ত ঈদগাহ মাঠের ২০০ গজ এলাকায় সর্বসাধারণের চলাচল নিষিদ্ধ করলাম।

এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

আমার দস্তখত ও সীলমোহরকৃত এই আদেশ অদ্য ০৯ এপ্রিল ২০২৪ তারিখ জারী করলাম।


০৯/৪/২৪

হাসান-বিন-মুহাম্মাদ আলী
উপজেলা নির্বাহী অফিসার

ও

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল সদর, টাঙ্গাইল

unotangail@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য:

০১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল

০২। পুলিশ সুপার, টাঙ্গাইল

০৩। সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল

০৪। অফিসার ইন-চার্জ, টাঙ্গাইল সদর থানা, টাঙ্গাইল। (তাকে ফৌজদারী কার্যবিধি ১৮৯৮ এর ১৪৪ ধারার বিধান যথাযথভাবে প্রতিপালন করার জন্য নির্দেশ প্রদান করা হল।)

০৫। অফিস কপি।

